

বিমানবন্দরে লাগেজ কাটা-চুরি, যা বলছে কর্তৃপক্ষ

- A Monitor Desk Report

Date: 29 November, 2025



ঢাকাঃ সৌদি আরব ফেরত এক প্রবাসী বাংলাদেশির লাগেজে কাটাছেঁড়া ও মালামাল নিখোঁজ-এমন একটি ভিডিও সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ভাইরাল হয়েছে।

ভিডিওতে দেখা যায়, ছেঁড়া লাগেজ নিয়ে যাত্রীরা রাগান্বিত হয়ে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কর্মীদের ওপর চড়াও হচ্ছেন।

শুক্রবার (২৮ নভেম্বর) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্বাহী পরিচালক এসএম রাগীব সামাদ এ তথ্য জানান।

তিনি জানান, ভিডিওটি আজ ভাইরাল হলেও এটি গত ১৪ নভেম্বরের। সেদিন সৌদি আরব থেকে ৭৮ জন বাংলাদেশি নাগরিক আউট পাস নিয়ে ইথিওপিয়ান এয়ারলাইন্সের একটি ফ্লাইটে ঢাকায় আসেন। ইমিগ্রেশনসহ আনুষ্ঠানিক কার্যক্রম শেষে আগমনী এক নম্বর বেলেট এলাকায় যখন তারা ব্যাগেজ সংগ্রহ করতে যান, তখন দেখা যায়-অধিকাংশ ব্যাগেই কাটাছেঁড়া, আর ভেতরের মালামাল নেই।

এ ঘটনায় যাত্রীদের মধ্যে তীব্র ক্ষোভ তৈরি হয় এবং তারা ভিডিও রেকর্ডিং করতে করতে সংশ্লিষ্ট এয়ারলাইন্সের স্টাফদের ওপর চড়াও হন।

নির্বাহী পরিচালক আরও জানান, আউট পাস যাত্রীরা সৌদি আরবে বিভিন্ন কারণে আটক থাকার পর সৌদি ইমিগ্রেশনের ব্যবস্থাপনায় ইথিওপিয়ান এয়ারলাইন্সের ইটি-৬১৮ ফ্লাইটে সৌদি আরব থেকে আদিস আবাবা হয়ে ঢাকায় পৌঁছান।

তিনি বলেন, সম্প্রতি এ রকম লাগেজ কাটা ও মালামাল নিখোঁজের ঘটনা একাধিকবার ঘটেছে এবং বিষয়টি তারা ইতোমধ্যে সৌদি কর্তৃপক্ষকে জানিয়েছে।

এয়ারলাইন্সের ভাষ্যমতে, আউট পাস যাত্রীদের জন্য মাথাপিছু গড়ে ১৫ কেজি হিসেবে সব মালামাল একসঙ্গে বুকিং করা হয়। ফলে নির্দিষ্ট

কোন ব্যাগে কার মালামাল আছে তা তারা নিশ্চিত করতে পারে না। পাশাপাশি সৌদি ইমিগ্রেশন পুলিশ অনেকের মালামাল জব্দ করে, যার তালিকাও এয়ারলাইন্সকে সরবরাহ করা হয় না।

এসব কারণে ব্যাগেজ ঢাকায় পৌঁছানোর পর যাত্রীদের সামনে এই জটিল পরিস্থিতি তৈরি হয় বলে জানান বিমানবন্দর নির্বাহী পরিচালক।

-B